



এসএসসির ফরম পূরণে বাড়তি ফি নেয়ার অভিযোগ

প্রকাশিত: ১৫ - নভেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

নিজস্ব সংবাদদাতা, গফরগাঁও, ময়মনসিংহ, ১৪ নবেম্বর || গফরগাঁওয়ে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে এসএসসি ও দাখিল পরীক্ষার ফরম পূরণে শিক্ষার্থীদের কাছ জোর করে গলাকাটা ফি আদায় করা হচ্ছে। শিক্ষকদের টাকা কমানোর অনুরোধ করেও কোন লাভ হচ্ছে না এমনই অভিযোগ শিক্ষার্থী ও অভিভাবকদের। গফরগাঁও অধিকাংশ স্কুলগুলোতে কোচিং ফি, মডেল টেষ্ট, সেশন চার্জসহ নানা অজুহাতে শিক্ষার্থীদের কাছ থেকে ফি আদায় করা হচ্ছে। অভিযোগের ভিত্তিতে উপজেলার শিবগঞ্জ বি. দাস, মশাখালী বহুমুখী, মশাখালী বালিকা, আঠারদানা বহুমুখী, মুখী পল্লী সেবক, পাঁচবাগ বালিকা উচ্চ বিদ্যালয় ও গয়েশপুর সিনিয়র মাদ্রাসা, যশরা আয়শা হাসান দাখিল মাদ্রাসাসহ অন্তত ১০টি শিক্ষাপ্রতিষ্ঠান ঘুরে এমন অভিযোগের সত্যতাও মিলেছে। গফরগাঁওয়ের প্রায় সব স্কুল-মাদ্রাসার অবস্থা একই। এসব প্রতিষ্ঠান শিক্ষার্থীদের কাছ থেকে তিন হাজার থেকে চার হাজার টাকা পর্যন্ত ফরম পূরণ বাবদ আদায় করা হচ্ছে। জানা যায়, শিক্ষা বোর্ড থেকে সব মিলিয়ে মানবিক ও ব্যবসা শিক্ষা বিভাগের জন্য ১৮৫০ ও বিজ্ঞান বিভাগের জন্য ১৯৭০ টাকা নির্ধারণ করে দেয়া হলেও শিক্ষার্থীদের কাছ থেকে প্রায় দ্বিগুণ টাকা আদায় করা হচ্ছে।

এদিকে অতিরিক্ত টাকা দিতে শিক্ষার্থী ও অভিভাবকদের ভোগান্তিতে পড়তে হচ্ছে। নাম প্রকাশ না করার শর্তে বিদ্যালয়গুলোর শিক্ষার্থীরা অভিযোগ করে জানায়, ভর্তির সময় সেশন চার্জ ও বেতন দেয়ার পরও ফরম পূরণের সময় সব শিক্ষার্থীর কাছ থেকে এসব খাতে টাকা আদায় করা হচ্ছে। শিবগঞ্জ বি. দাস উচ্চ বিদ্যালয়ে ফরম পূরণের জন্য সাড়ে তিন থেকে চার হাজার টাকা নেয়া হচ্ছে। তবে প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক বদরুল আলম অভিযোগ অস্বীকার করে বলেন, বোর্ড ফি থেকে সামান্য বেশি নেয়া হচ্ছে। কিন্তু ওই বিদ্যালয়ের অফিস সহকারী জালাল উদ্দিন বলেন, মানবিকে আড়াই হাজার ও বিজ্ঞান বিভাগে সাতাই শ' টাকা করে নিচ্ছি। তবে শিক্ষার্থীরা সংবাদকর্মীদের কাছে অভিযোগ করে বলেন, স্যাররা আপনাদের কাছে মিথ্যা বলেছেন, আমাদের কারও কাছ থেকে সাড়ে তিন হাজার কারও কাছ থেকে চার হাজার টাকা পর্যন্ত নিচ্ছেন।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কর্তৃক গ্লোব জনকর্তৃ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকর্তৃ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকর্তৃ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কটন, জিপিও বাস্ক: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯০৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯০৫১৩১১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright ® All rights reserved by dailyjanakantha.com